সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
স্মারক নং: ৭০২ তারিখ: ০২/০৮/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।

নং ১৫.৫৪.১৫৪৩.০৪২.৪৩.০০১.২৪. ৯৪৬

তারিখঃ ১২ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী

তারিখ : ১৪.০৭.২০২৪
স্থান : সভাকক্ষ
সময় : বিকাল ৪.০০টা
সভাপতি : নূর আনোয়ার হোসেন, জেনারেল ম্যানেজার (চ: দা:), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র
সভায় উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর বিভিন্ন কার্যক্রম সভায় তুলে ধরেন এবং গৃহীত বিভিন্ন কার্যক্রমের প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণ জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | নৈতিকতা কমিটির সভা আয়োজন | মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫ মোতাবেক নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তাবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত**: কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি প্রান্তিকের ১ম মাসেই নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে এবং সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন ও প্রমাণক সংরক্ষণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০২. | প্রশিক্ষণ/Stakeholder সভা আয়োজন | বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫ অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভা আয়োজন ও প্রশিক্ষণ আয়োজন বিষেয়ে জানানো হয়।<br>**সিদ্ধান্ত**: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম প্রান্তিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা ও কর্মকর্তা/ কর্মচারিদের সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার/ সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৩. | কর্ম-পরিবেশ উন্নয়ন | কর্মপরিবেশ উন্নয়নে পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমসহ অন্যান্য সহায়ক কার্যক্রম বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত**: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্মপরিবেশ উন্নয়নে পরিচ্ছন্নতা কার্যক্রম আরও জোরদার করাসহ অন্যান্য সহায়ক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়া প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখা প্রধান |

চলমান পাতা-০২

| ক্রঃ নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০৪. | ক্রয় সংক্রান্ত | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের ২০২৪-২৫ অর্থ বছরের বিভিন্ন ক্রয় কার্যক্রম বিষয়ে আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী স্ব-স্ব শাখা প্রান্তিক ভিত্তিতে ক্রয় কার্যক্রম গ্রহণ ও যথাসময়ে করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কন্ট্রোলার/ইঞ্জিনিয়ারিং ম্যানেজার/ উর্ধ্বতন শিল্প নির্দেশক/ সহকারী পরিচালক (অর্থ)/ সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৫. | সেবা গ্রহীতাদের মতামত সংরক্ষণ | বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় বিভিন্ন সেবা গ্রহীতাদের মতামত সংরক্ষণ বিষয়ে আলোচনা হয়।<br>সিদ্ধান্ত: বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে সেবা গ্রহীতাদের মতামত সংরক্ষণ রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ উল্লেখপূর্বক রেজিস্টারটি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার/ সহকারী পরিচালক (প্রশাসন) |

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৮/২৪

নূর আনোয়ার হোসেন
জেনারেল ম্যানেজার (চ: দা:)
ফোন: ০২৩৩৩৩৭৯৩০০ (অফিস)

বিতরণ:

০১। নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
০২। উপস্থিত কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
০৩। কার্যালয় নথি।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

০১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকা
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

| সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয় | |
|---|---|
| সিস্টেম এনালিস্ট | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| প্রোগ্রামার-১ | ☐ উপস্থাপন করুন |
| প্রোগ্রামার-২ | ☐ কথা বলুন |
| পিএ | ☐ তাগিদ দিন |
| | |
| | সিনিয়র সিস্টেম এনালিস্ট |

৭/৮/২৪